১

৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুবউন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.১৮.০১.২১- ৬৩৭ তারিখঃ ১২ মাঘ ১৪২৭ / ২৬ জানুয়ারি ২০২১

বিষয়: ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত দিক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারি, ২০২১ খ্রি. তারিখের নং-৩৪.০০.০০০০.০৬০.০৪.০০৬.১৬(অংশ-১)-১৪ সংখ্যক আদেশে ০৬(ছয়) সদস্য বিশিষ্ট "ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সেল" পুন:গঠন করা হয়। পুন:গঠিত সেল এর এক সভা ২০-০১-২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত হয়। সভায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির নীতিমালা এবং নিম্নোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

১। উপজেলা কমিটি কর্তৃক আবেদন যাচাই বাছাই করার সময় আবেদনকারীর নাম, স্থায়ী ঠিকানা এবং প্রাসঙ্গিক সকল তথ্য সংগ্রহ করে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা উপকারভোগীদের ভোটার আইডি কার্ড উপজেলা সার্ভারে রক্ষিত ভোটার তথ্যের সাথে মিলিয়ে সত্যতা নিরূপণ করবেন।

২। উপজেলা নির্বাচন কর্মকর্তা প্রাপ্ত ভোটার আইডি কার্ডসমূহ যাচাই করবেন এবং সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দাদের তালিকা সঠিক পেলে তিনি তাতে প্রত্যয়ন করবেন।

৩। উপজেলা নির্বাচন কর্মকর্তাকে উপজেলা কমিটিতে সদস্য হিসেবে কোঅপ্ট করা যেতে পারে।

৪। উপজেলা কমিটি প্রাথমিকভাবে নির্বাচিত উপকারভোগীদের তালিকা পুংখানুপুংখ যাচাই বাছাই অন্তে উপজেলা কমিটি কর্তৃক অনুমোদন দিয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা কমিটিতে প্রেরণ করবেন।

৫। উপজেলা কমিটি উপকারভোগীদের নির্বাচনের পর যদি কোন ব্যত্যয় পরিলক্ষিত হয় তাহলে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী অফিসারকে এ বিষয়ে জবাবদিহি করতে হবে।

৬। জেলা কমিটি প্রাপ্ত প্রস্তাব অনুমোদনের পূর্বে কমিটির সদস্য জেলা পর্যায়ের কয়েকজন কর্মকর্তাগণকে দিয়ে একটি ছোট উপ-কমিটি গঠন করবেন। গঠিত উপকমিটি দৈবচয়ন ভিত্তিতে উপকারভোগীর তালিকা হতে ১০% উপকারভোগীর তথ্য সরেজমিনে যাচাই বাছাই করে জেলা কমিটির নিকট মতামতসহ প্রতিবেদন দাখিল করবেন। জেলা কমিটি উপকমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের বিষয়ে সন্তুষ্ট হলে তালিকা চূড়ান্ত অনুমোদন করবেন।

৭। উপকারভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদনের পর উপজেলা কমিটির সভাপতি এবং সদস্য সচিব ToT করার বিষয়ে কর্মপরিকল্পনা গ্রহণ এবং উপজলা পর্যায়ের Line Department এর কর্মকর্তাগণকে নিয়ে অবহিতকরণ কর্মশালার আয়োজন করবেন।

৮। বিভিন্ন বিষয়ের উপর গুরত্ব বিবেচনায় অতিথি বক্তা নির্বাচন করতে হবে এবং প্রায় সব বিভাগের কর্মকর্তাগণ যাতে প্রশিক্ষক হিসেবে সেশন পরিচালনা করতে পারেন সে লক্ষ্যে অতিথি বক্তার সংখ্যা যৌক্তিক পর্যায়ে রাখতে হবে এবং প্রতি উপজেলায় প্রশিক্ষক পুল তৈরি করতে হবে।

৯। প্রশিক্ষণ ভেন্যু শুধুমাত্র উপজেলা সদর ভিত্তিক না রেখে ইউনিয়ন/Growth Center ভিত্তিক করার উচিৎ হবে।

১০। উপজেলা কমিটি প্রতি মাসে একবার কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য সভা অনুষ্ঠান করবেন।

১১। জেলা কমিটি ৩ মাস পর পর কার্যক্রমের অগ্রগতি মনিটরিং করার জন্য পর্যালোচনা সভার আয়োজন করবেন।

১২। উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তরের একজন গুরুত্বপূর্ণ কর্মকর্তা হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ অগ্রাধিকারমূলক ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জেলা পর্যায়ের গঠিত কমিটির সদস্য সচিব। অন্যদিকে তিনি উপজেলায় কর্মরত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের নিয়ন্ত্রণকারী এবং তত্বাবধানকারী কর্মকর্তা। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের কার্যক্রম পর্যবেক্ষণ, মনিটরিং এবং পরিবীক্ষণ করা তার অন্যতম দায়িত্ব। তিনি কোনভাবেই উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের নেতিবাচক কোন কর্মকাণ্ডের দায় এড়াতে পারেন না।

১৩। প্রশিক্ষণ সমাপ্তির পর যে সকল উপকারভোগী ০২(দুই) বছর মেয়াদী কর্মসংযুক্তি প্রাপ্ত হবেন তারা সংযুক্তি স্থলে সঠিকভাবে দায়িত্বপালন করছেন কিনা এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ মাসে অন্তত: ০১ বার সংযুক্ত প্রতিষ্ঠানে সরেজমিনে পরিদর্শন করবেন। অনুপস্থিত সংযুক্তি প্রাপ্তদের অনুপস্থিতির কারণ চিহ্নিত করবেন, তার সংযুক্ত দপ্তরের কর্মকর্তার নিকট হতে প্রত্যয়ন গ্রহণ করবেন এবং তার ব্যাংক হিসাব স্থগিত করে টাকা প্রদান বন্ধ করতে হবে।

২৮/০১/২০২১

(আবুল ফয়েজ মো: আলাউদ্দিন খান)
(যুগ্মসচিব)
পরিচালক(ন্যাশনাল সার্ভিস কর্মসূচি)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
শিবচর-মাদারীপুর, তাহিরপুর-সুনামগঞ্জ, বেড়া-পাবনা, বাঘারপাড়া-যশোর,
মহেশখালী-কক্সবাজার, নাসিরনগর-ব্রাহ্মণবাড়ীয়া, সালথা-ফরিদপুর, মিঠামইন-কিশোরগঞ্জ, সদর-পটুয়াখালী,
কেন্দুয়া-নেত্রকোনা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শিবচর-মাদারীপুর, তাহিরপুর-সুনামগঞ্জ, বেড়া-পাবনা, বাঘারপাড়া-যশোর, মহেশখালী-কক্সবাজার, নাসিরনগর-ব্রাহ্মণবাড়ীয়া, সালথা-ফরিদপুর, মিঠামইন-কিশোরগঞ্জ, সদর-পটুয়াখালী, কেন্দুয়া-নেত্রকোনা।
০৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মাদারীপুর, সুনামগঞ্জ, পাবনা, যশোর, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, ফরিদপুর, কিশোরগঞ্জ, পটুয়াখালী ও নেত্রকোনা জেলা।
০৭। সহকারী পরিচালক, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৮। অফিস কপি।